

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ দৈনন্দিন ও সামাজিক জীবনাচার রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

৬১. বায়ূ প্রবাহিত হলে পড়ার দো'আ

166-(1) «اللَّهُمَّ إِنِّي أَسْـــأَلُكَ خَيْرَهَا، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا».

(আল্লা-হুম্মা ইন্নী আসআলুকা খাইরাহা ওা আ'উযু বিকা মিন শাররিহা)।

১৬৬-(১) "হে আল্লাহ! আমি আপনার নিকট এর কল্যাণ চাই। আর আমি আপনার নিকট এর অনিষ্ট থেকে আশ্রয় চাই।"[1]

167-(2) «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَيْرَهَا، وَخَيْرَ مَا فِيهَا، وَخَيْرَ مَا أُرْسِلَتْ بِهِ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا، وَشَرِّ مَا فِيهَا، وَشَرِّ مَا فِيهَا، وَشَرِّ مَا أُرْسِلَتْ بِهِ».

(আল্লা-হুম্মা ইন্নী আস'আলুকা খাইরাহা ওয়া খাইরা মা-ফীহা ওয়া খাইরা মা উরসিলাত বিহী। ওয়া আ'ঊযু বিকা মিন শাররিহা, ওয়া শাররি মা-ফীহা, ওয়া শাররি মা উরসিলাত বিহী)।

১৬৭-(২) "হে আল্লাহ! আমি আপনার নিকট প্রার্থনা করি এর কল্যাণ, এর মধ্যকার কল্যাণ এবং যা এর সাথে প্রেরিত হয়েছে তার কল্যাণ। আর আমি আপনার আশ্রয় চাই এর অনিষ্ট থেকে, এর ভেতরে নিহিত অনিষ্ট থেকে এবং যা এর সাথে প্রেরিত হয়েছে তার অনিষ্ট থেকে।"[2]

ফুটনোট

- [1] আবূ দাউদ ৪/৩২৬, নং ৫০৯৯; ইবন মাজাহ্ ২/১২২৮, নং ৩৭২৭। আরও দেখুন, সহীহ ইবন মাজাহ্ ২/৩০৫।
- [2] মুসলিম, আর শব্দ তাঁরই, ২/৬১৬, নং ৮৯৯; বুখারী, ৪/৭৬, নং ৩২০৬ ও ৪৮২৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=978

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন